পুলিশের ঊর্ধ্বতন ৭ কর্মকর্তার রদবদল, নতুন কর্মস্থলে ২ ডিআইজি



ছবি: সংগৃহীত

পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (আইজিপি) পদমর্যাদার পাঁচ কর্মকর্তাকে বিভিন্ন ইউনিটে বদলি ও পদায়ন করেছে সরকার। পাশাপাশি গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) কমিশনারসহ দুই ডিআইজির কর্মস্থলেও পরিবর্তন আনা হয়েছে।

মঙ্গলবার (৩ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। জনস্বার্থে নেওয়া এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে বলে জানানো হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, স্পেশাল রেসপন্স ব্যাটালিয়নের (এসআরবি) মহাপরিচালক মো. আহসান হাবীব পলাশকে পুলিশ অধিদপ্তরে অতিরিক্ত আইজিপি হিসেবে পদায়ন করা হয়েছে। তাঁর স্থলাভিষিক্ত হয়েছেন হাইওয়ে পুলিশের অতিরিক্ত আইজিপি ফারুক আহমেদ। আর পুলিশ অধিদপ্তরের অতিরিক্ত আইজিপি মো. সাইয়েদুর রহমানকে হাইওয়ে পুলিশের দায়িত্ব দেওয়া হয়েছে।

LENS ASIA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ শাখা
www.moha.gov.bd

নম্বর:৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৯.০০৯২.২৫- ৪০৬ তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

ক্রম.	কর্মকর্তার নাম, বিপি, পদবি ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
১.	জনাব মো: আহসান হাবীব পলাশ, বিপিএস-সেবা (বিপি-৭০৯৫০৩১১৩৩) মহাপরিচালক (অতিরিক্ত আইজিপি), এসআরবি, ঢাকা	অতিরিক্ত আইজিপি পুলিশ অধিদপ্তর, ঢাকা
২.	জনাব ফারুক আহমেদ (বিপি-৭১৯৮০০৮৫৫০) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ঢাকা	মহাপরিচালক (অতিরিক্ত আইজিপি) এসআরবি, ঢাকা
৩.	জনাব মো: সায়েদুর রহমান (বিপি-৬৮৯৫২০২০৯৪) অতিরিক্ত আইজিপি, পুলিশ অধিদপ্তর, ঢাকা	অতিরিক্ত আইজিপি হাইওয়ে পুলিশ
৪.	জনাব গাজী জসীম উদ্দিন (বিপি-৬৮৯৫১০৪৫৩২) অতিরিক্ত আইজিপি, শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা	অতিরিক্ত আইজিপি পুলিশ টেলিকম সংস্থা, রাজারবাগ, ঢাকা
৫.	জনাব মো: ইসরাইল হাওলাদার (বিপি-৭০৯৮১০৪৫৫৩) পুলিশ কমিশনার (ডিআইজি), জিএমপি, গাজীপুর (অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতিপ্রাপ্ত)	অতিরিক্ত আইজিপি শিল্পাঞ্চল পুলিশ
৬.	জনাব মো: আশিক সাঈদ (বিপি-৭৫০১০৫০৩৭২) ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী	পুলিশ কমিশনার (ডিআইজি) জিএমপি, গাজীপুর
৭.	জনাব মীর আশরাফ আলী (বিপি-৬৮৯৮০২১০৫৯) ডিআইজি, রেলওয়ে পুলিশ	ডিআইজি রাজশাহী রেঞ্জ, রাজশাহী

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
তৌহিফ আহমেদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৪৫৩১
(police1@moha.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ।
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (পুলিশ অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. স্বরাষ্ট্র মন্ত্রী'র একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রী এঁর সদয় জ্ঞাতার্থে)।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব এঁর সদয় জ্ঞাতার্থে)।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,.....।
৯. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

শিল্পাঞ্চল পুলিশের অতিরিক্ত আইজিপি গাজী জসীম উদ্দিনকে রাজারবাগের পুলিশ টেলিকম সংস্থায় বদলি করা হয়েছে। অন্যদিকে, জিএমপি কমিশনার মো. ইসরাইল হাওলাদারকে অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি দিয়ে শিল্পাঞ্চল পুলিশের দায়িত্ব দেওয়া হয়েছে।

এ ছাড়া রাজশাহী রেঞ্জের ডিআইজি মো. আশিক সাঈদকে জিএমপি কমিশনার এবং রেলওয়ে পুলিশের ডিআইজি মীর আশরাফ আলীকে রাজশাহী রেঞ্জের ডিআইজি হিসেবে পদায়ন করা হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব তৌহিফ আহমেদ স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বদলি ও পদায়নের এ আদেশ দেওয়া হয়।